গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলপুর, ময়মনসিংহ।
www.Phulpur.mymensingh.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১৮১.০০০.০৭.০১৭.২৪.১৮৪

তারিখঃ ১০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

## ১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারা দরপত্র পুন:বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফুলপুর উপজেলার (পৌরসভা ব্যতীত) নিম্নবর্ণিত হাট/বাজারসমূহ বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ বৎসর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে শর্তসাপেক্ষে আগ্রহী দরদাতাগণের নিকট হতে সিলগালাকৃত খামে নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। প্রথম পর্যায়ে দরপত্র পাওয়া না গেলে পরবর্তী তারিখ সমূহে পর্যায়ক্রমে সিডিউল বিক্রয় ও দরপত্র গ্রহণ করা যাবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান অফিস চলাকালে এতদসংক্রান্ত যে কোন তথ্যাবলী/শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করে জানতে পারবেন।

০১। সিডিউল বিক্রয়ের স্থান:
ক. জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, ময়মনসিংহ।
খ. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ।
গ. সহকারী কমিশনার (ভূমি), ফুলপুর, ময়মনসিংহ।
ঘ. অফিসার ইন-চার্জ, ফুলপুর থানা, ফুলপুর, ময়মনসিংহ।
ঙ. সোনালী ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ/ফুলপুর শাখা, ফুলপুর, ময়মনসিংহ।

০২। দরপত্র দাখিলের স্থান :
ক. জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, ময়মনসিংহ।
খ. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ।
গ. সহকারী কমিশনার (ভূমি), ফুলপুর, ময়মনসিংহ।

**দরপত্র/সিডিউল বিক্রয়/গ্রহণের তারিখ ও সময়সূচি নিম্নরূপ :**

| ক্র. নং | পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ/সময় ও বার | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ৪র্থ পর্যায় | ০৮.০৪.২০২৪খ্রি.<br>২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>সোমবার, অফিস চলাকালীন সময় | ০৯.০৪.২০২৪খ্রি.<br>২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>মঙ্গলবার, বেলা ০২:০০ ঘটিকা পর্যন্ত | ০৯.০৪.২০২৪খ্রি.<br>২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>মঙ্গলবার, বেলা ০২:৩০ ঘটিকা | |
| | ৫ম পর্যায় | ১৭.০৪.২০২৪খ্রি.<br>০৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ<br>বুধবার, অফিস চলাকালীন সময় | ১৮.০৪.২০২৪খ্রি.<br>০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ<br>বৃহস্পতিবার, বেলা ০২:০০ ঘটিকা পর্যন্ত | ১৮.০৪.২০২৪খ্রি.<br>০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ<br>বৃহস্পতিবার, বেলা ০২:৩০ ঘটিকা | |
| | ৬ষ্ঠ পর্যায় | ২৪.০৪.২০২৪খ্রি.<br>১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ<br>বুধবার, অফিস চলাকালীন সময় | ২৫.০৪.২০২৪খ্রি.<br>১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ<br>বৃহস্পতিবার, বেলা ০২:০০ ঘটিকা পর্যন্ত | ২৫.০৪.২০২৪খ্রি.<br>১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ<br>বৃহস্পতিবার, বেলা ০২:৩০ ঘটিকা | |

**১৪৩১ বাংলা সনের জন্য ইজারাযোগ্য হাট/বাজারের বিবরণ :**

| ক্র. নং | হাট/বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩১ সনের সম্ভাব্য ইজারা মূল্য (৬% বৃদ্ধিসহ) | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ছনধরা বাজার | ছনধরা ইউপি | ৯০৬০১২ | ২৬০০/- |
| ০২ | হাটপাগলা বাজার | " | ৮৪২৮ | ৫০০/- |
| ০৩ | চরগোয়াডাঙ্গা বাজার | রামভদ্রপুর | ১৭১০ | ৫০০/- |
| ০৪ | মিচকীপাড়া বাজার | " | ৫৪৮৪৭ | ৫০০/- |
| ০৫ | ভাইটকান্দি বাজার | ভাইটকান্দি ইউপি | ৩৫৪৬৬৭২ | ৭,৮০০/- |
| ০৬ | নারকেলী বাজার | " | ৩৩৮৫ | ৫০০/- |
| ০৭ | শ্যামপুর ফকিরের বাজার | " | ১১৯০৭৭ | ১০০০/- |
| ০৮ | সিংহেশ্বর বাজার | সিংহেশ্বর ইউপি | ২৩৬৬ | ৫০০/- |
| ০৯ | টংগীর ঘাট বাজার | রহিমগঞ্জ | ৩৮৫৪১ | ৫০০/- |
| ১০ | রূপসী বাজার | রূপসী ইউপি | ২৬৪২৬৬২ | ৬০০০/- |
| ১১ | বালিয়া বাজার | বালিয়া ইউপি | ২০৪৬৬৬৭ | ৪৮০০/- |

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা শর্তাবলী

০১। ১৪৩১ বাংলা সনের ০১ লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪৩১ বাংলা মেয়াদকালের জন্য হাট-বাজার সমূহ ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলপুর, ময়মনসিংহ এর অনুকূলে জমা প্রদান করতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত করণপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংকে যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাটবাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও যে বাজারের অনুকূলে দরপত্র দাখিল করা হবে সে বাজারের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। দরপত্র সাথে দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্তি করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। রশিদ ব্যতিরেকে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে টোল রেট প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলগালাকৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্র দাতাকে দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষরসহ দরপত্র দাখিল করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই তার অনুকূলে ইজারা প্রদত্ত হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন কর হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারাদার সমুদয় অর্থ, ভ্যাট, আয়করসহ পরিশোধের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০,০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে নিয়মিত বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে ০১ (এক)টি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা মাজা কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হইলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। হাট-বাজার বিজ্ঞপ্তি www.phulpur.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

২৪/০৩/২৪
(এ. বি. এম. আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলপুর,ময়মনসিংহ।
ফোন : ০৯০৩৩-৫৬০০৫
unofulpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১৮১.০০০.০৭.০১৭.২৪.১৮৪ (১০০) | তারিখঃ ১০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মাননীয় সংসদ সদস্য-১৪৭, ময়মনসিংহ-২ (ফুলপুর-তারাকান্দা)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৫। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
০৯। মেয়র, ফুলপুর পৌরসভা, ফুলপুর, ময়মনসিংহ।
১০। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
১১। ভাইস চেয়ারম্যান (মহিলা), ফুলপুর, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০২। সহকারী কমিশনার (ভূমি), ফুলপুর, ময়মনসিংহ।
০৩। অফিসার ইন-চার্জ, ফুলপুর থানা, ফুলপুর, ময়মনসিংহ।
০৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ফুলপুর শাখা, ফুলপুর, ময়মনসিংহ।

> এ সাথে ..........টি দরপত্র সিডিউল বিক্রয় করার জন্য প্রেরণ করা হলো। দরপত্র/সিডিউলসমূহের বিক্রয়লব্ধ অর্থ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অবিক্রিত দরপত্র/সিডিউল পর্যায়ক্রমে দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখসমূহে বিক্রয়ের নিমিত্তে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ অবগতি ও ব্যাপক প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।

০১। উপজেলা ....................................অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
০২। সাব-রেজিস্টার, ফুলপুর, ময়মনসিংহ।
০৩। চেয়ারম্যান, ............................ইউপি (সকল), ফুলপুর, ময়মনসিংহ।
০৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..............................ইউপি (সকল), ফুলপুর, ময়মনসিংহ।

> তাকে এ সাথে সংযুক্ত বিজ্ঞপ্তি পৌরসভা/ইউনিয়নের আওতাভুক্ত সকল হাট বাজার সমূহে ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তির কপি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৫। জনাব ..................................ইজারাদার,...............১৪২৯/৩০ বাংলা সন।
০৬। নোটিশ বোর্ড
০৭। অফিস কপি।

২৪/০৩/২৪
(এ. বি. এম. আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলপুর,ময়মনসিংহ।